# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা

হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১
(রিক্রুটমেন্ট এন্ড আউটসোর্সিং উইং)

বিজ্ঞপ্তি নংঃ ৫৭/২০২৪

তারিখ ঃ ০৭ পৌষ ১৪৩১ / ২২ ডিসেম্বর ২০২৪

## নিয়োগ বিজ্ঞপ্তি

দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিঃ, গাজীপুর এ 'প্রধান প্রকৌশলী' পদে অস্থায়ীভাবে নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্তাধীনে দরখাস্ত আহবান করা যাচ্ছে

| পদের নাম | পদের সংখ্যা | গ্রেড | বেতনস্কেল | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| প্রধান প্রকৌশলী | ১ | ৩য় | ৫৬৫০০-৭৪৪০০ | ক) যন্ত্রকৌশল/তড়িৎকৌশল বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী।<br>খ) সরকারি উৎপাদন/প্রকাশনা বা বেসরকারি বৃহৎ শিল্প প্রতিষ্ঠানে প্রধান প্রকৌশলী বা সমমান পদের অব্যবহিত পূর্ব পদে ০২ বছরের অভিজ্ঞতাসহ সহকারী প্রকৌশলী ও তদূর্ধ্ব পদে ন্যূনতম ১৫ বছরের অভিজ্ঞতা।<br>গ) সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণিসহ যে কোন ২টিতে ১ম শ্রেণি থাকতে হবে। কোন পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য হবে না। |

০১। (ক) শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৩/২০১০ তারিখের প্রজ্ঞাপন নং শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪ অনুযায়ী এস.এস.সি ও সমমান এবং এইচ.এস.সি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে বর্তমানে প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমত, সিজিপিএ-এর বিপরীতে পূর্বের ১ম, ২য় ও ৩য় বিভাগ/শ্রেণি নিম্নরূপে নির্ধারিত হবেঃ

| ৫.০০ পয়েন্ট স্কেলে | সমতুল্য বিভাগ |
|---|---|
| জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব | প্রথম বিভাগ |
| জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম | দ্বিতীয় বিভাগ |
| জিপিএ ১.০০ থেকে ২.০০ এর কম | তৃতীয় বিভাগ |

(খ) শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ তারিখের প্রজ্ঞাপন নং শিম/শাঃ১১/৫-১(অংশ)/৫৮২ অনুযায়ী অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ-এর ক্ষেত্রে বর্তমানে প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমত, সিজিপিএ এর বিপরীতে পূর্বের ১ম, ২য় ও ৩য় বিভাগ/শ্রেণি নিম্নরূপে নির্ধারিত হবে

| অর্জিত সিজিপিএ | | সমতুল্য শ্রেণি/বিভাগ |
|---|---|---|
| ৪.০০ পয়েন্ট স্কেলে | ৫.০০ পয়েন্ট স্কেলে | |
| ৩.০০ বা তদূর্ধ্ব | ৩.৭৫ বা তদূর্ধ্ব | প্রথম শ্রেণি/বিভাগ |
| ২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম | ২.৮১৩ বা তদূর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম | দ্বিতীয় শ্রেণি/বিভাগ |
| ১.৬৫ বা তদূর্ধ্ব কিন্তু ২.২৫ এর কম | ২.০৬৩ বা তদূর্ধ্ব কিন্তু ২.৮১৩ এর কম | তৃতীয় শ্রেণি/বিভাগ |

(গ) O' Level এবং A' Level এর ক্ষেত্রে এ দেশীয় সংশ্লির শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) এবং বিদেশী বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত ডিগ্রীর ক্ষেত্রে দেশী সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) অনুযায়ী ডিগ্রী ও ফলাফলের (শ্রেণি/বিভাগ/জিপিএ/সিজিপিএ উল্লেখসহ) তথ্য প্রদান করতে হবে।

০২। **বয়স (২২/১২/২০২৪ তারিখে) সর্বোচ্চ ৫৪ বছর।**

০৩। আগ্রহী প্রার্থীদেরকে চাকরির আবেদনপত্র এবং আবেদনপত্রের সাথে পাসপোর্ট সাইজের ২ কপি রঙিন ছবি, ০৭ নং ক্রমিকে বর্ণিত জীবন বৃত্তান্ত (সিভি) ও এ সংক্রান্ত দলিলাদি (একাডেমিক সনদপত্র, ট্রান্সক্রিপ্ট, অভিজ্ঞতার সনদ, জাতীয় পরিচয়পত্র ও অন্যান্য যাচিত দলিলাদির সত্যায়িত অনুলিপি) পরিচালক (এইচআরডি-১), হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা-১০০০ বরাবর সরাসরি অথবা ডাকযোগে আগামী ২৩/০১/২০২৫ তারিখের মধ্যে পৌঁছাতে হবে। নির্ধারিত সময়ের পরে অত্র কার্যালয় কর্তৃক গৃহীত আবেদনপত্র কোন প্রকার যোগাযোগ ব্যতিরেকে বাতিল করা হবে।

০৪। বেসরকারি বৃহৎ শিল্প প্রতিষ্ঠানে কর্মরত থাকলে, কর্মরত প্রতিষ্ঠানের Hierarchy এবং Hierarchy-তে আবেদনকারীর অবস্থান উল্লেখপূর্বক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র ০৩ নং ক্রমিকে যাচিত দলিলাদির সাথে দাখিল করতে হবে।

০৫। আবেদনে প্রদত্ত স্থায়ী ঠিকানার সপক্ষে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র আবেদনপত্রের সাথে জমা দিতে হবে। বিবাহিত মহিলা প্রার্থীগণ স্থায়ী ঠিকানা হিসেবে যদি স্বামীর ঠিকানা ব্যবহার করেন সেক্ষেত্রে উক্ত স্থায়ী ঠিকানার সপক্ষে সনদ জমা দিতে হবে।

০৬। বাংলাদেশের নাগরিক ব্যতীত অন্য কেউ নিয়োগের জন্য উপযুক্ত বলে বিবেচিত হবেন না। বাংলাদেশের নাগরিক নয় প্রার্থীর এরূপ স্ত্রী বা স্বামী থাকলে অথবা বিবাহ বন্ধনের জন্য চুক্তিবদ্ধ হলে নিয়োগের জন্য অনুপযুক্ত বিবেচিত হবেন।

০৭। 'প্রধান প্রকৌশনী' পদে আবেদনের ক্ষেত্রে নিম্নবর্ণিত ছক অনুযায়ী জীবন বৃত্তান্ত প্রস্তুত করে চাকরির আবেদনপত্র ও তৎসংশ্লিষ্ট দলিলাদির সাথে জমা দিতে হবে।

**জীবন বৃত্তান্ত**

পদের নামঃ প্রধান প্রকৌশলী

১। (ক) প্রার্থীর নাম (বাংলায়) :
(খ) প্রার্থীর নাম (ইংরেজিতে) :
(ক) পিতার নাম (বাংলায়) :
(খ) পিতার নাম (ইংরেজিতে) :
(গ) স্বামীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে) :
৩। (ক) মাতার নাম (বাংলায়) :
(খ) মাতার নাম (ইংরেজিতে) :
৪। বর্তমান ঠিকানা :
৫। স্থায়ী ঠিকানা :
৬। জন্ম তারিখ :
৭। বয়স (২২/১২/২০২৪) তারিখে :
৮। জাতীয় পরিচয়পত্রের নম্বর :
৯। জাতীয়তা :
১০। মোবাইল নম্বর :
১১। ই-মেইল :
১২। শিক্ষাগত যোগ্যতা :

| ক্র. নং | ডিগ্রী | শ্রেণি/বিভাগ/জিপিএ/সিজিপিএ | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

১৩। অবসর গ্রহণের তারিখ (ইতোপূর্বে চাকরি হতে অবসর গ্রহণ করে থাকলে)।
১৪। অভিজ্ঞতার বিস্তারিত বিবরণ

| ক্র. নং | পদের নাম | কর্মরত প্রতিষ্ঠানের নাম | পদসংশ্লিষ্ট বিভাগ/ শাখার নাম | সহকারী প্রকৌশলী পদের সমমান কিনা (হ্যা/না/তদূর্ধ্ব) | সংশ্লিষ্ট পদে কার্যকাল |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

আমি এ মর্মে ঘোষণা প্রদান করছি যে, উপরে বর্ণিত সকল তথ্যাদি সঠিক এবং নির্ভুল। বর্ণিত তথ্যে কোন ভুল/অসত্য প্রমাণিত হলে তার জন্য আমি দায়ী থাকব।

স্বাক্ষর

০৮। বর্ণিত পদের ক্ষেত্রে কোন কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা পরবর্তীতে কোন প্রার্থীর যোগ্যতার ঘাটতি পাওয়া গেলে বা দুর্নীতি, অসত্য তথা প্রদান, কোন জাল সনদ দাখিল, অসদুপায় অবলম্বন, প্রতারণার আশ্রয় নিলে বা আবেদনপত্রে গুরুত্তর (Substantive) ত্রুটি বা ঘাটতি দেখা গেলে বা প্রদত্ত তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ প্রক্রিয়ার যেকোন পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে।

০৯। আলোচ্য পদে আবেদনের ক্ষেত্রে কোন আবেদন ফি প্রদান করতে হবে না।

১০। চাকরিরত প্রার্থীগণ তাদের স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে আবেদন করতে পারবেন। নিয়োগকারী কর্তৃপক্ষের অনাপত্তিপত্রের মূলকপি মৌখিক পরীক্ষার সময় জমা দিতে হবে। অন্যথায় প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হবে না।

১১। পদের সংখ্যা কম/বেশি হতে পারে।

১২। যাচিত যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে বাছাইকৃত প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার জন্য আমন্ত্রণ জানানো হবে।

১৩। বর্ণিত পদে শুধু মৌখিক পরীক্ষা গ্রহণের মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে।

১৪। অসম্পূর্ণ/ভুল তথা সম্বলিত আবেদনপত্র কোন প্রকার যোগাযোগ ব্যতিরেকে বাতিল করা হবে।

১৫। কর্তৃপক্ষ প্রয়োজনে এই বিজ্ঞপ্তির কার্যক্রম যেকোন পর্যায়ে সংশোধন/স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

ডিসিপিঃ ৪৮/২০২৪-৩২৮৮
তারিখঃ ২৩/১১/২০২৪

**ব্যাংকিং ও আর্থিক সেবা পেতে হয়রানির শিকার হলে কিংবা কোনো অভিযোগ থাকলে ১৬২৩৬ নম্বরে ফোন করুন।**

স্বাক্ষরিত/-
**মোঃ জবদুল ইসলাম**
পরিচালক (এইচআরডি-১)

GD-1257

চ. **ছবি (Photo) :** ইতঃপূর্বে নিবন্ধনকৃত প্রার্থীরা বিদ্যমান ছবি ব্যবহার করতে পারবেন। তবে নতুন প্রার্থীকে অবশ্যই নির্ধারিত স্থানে 600x600 pixel ও file size 100 KB এর বেশি নয় এরূপ মাপের অনধিক তিন মাস পূর্বে তোলা রঙিন ছবি (সাদা ব্যাকগ্রাউন্ড সম্বলিত) scan করে আপলোড করতে হবে। ছবি তোলার সময় মুখ ও কানের উপর আবরণ রাখা যাবে না। সাদাকালো ছবি এবং Informal ছবি আপলোড করলে প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।

ছ. **স্বাক্ষর (Signature) :** নির্ধারিত স্থানে 300x80 pixel ও file size 60 KB এর বেশি নয় এরূপ মাপের (প্রার্থীর নিজের) স্বাক্ষর scan করে আপলোড করতে হবে। স্বাক্ষর অবশ্যই সাদা কাগজের উপর কালো কালিতে হতে হবে।

জ. **অর্জিত ডিগ্রির ফলাফলের তারিখ :** পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক প্রকাশিত সংশ্লিষ্ট ডিগ্রির ফলাফল প্রকাশের তারিখ অবশ্যই উল্লেখ করতে হবে।

ঝ. **বিদেশি ডিগ্রিধারী প্রার্থী :** প্রার্থী 'O' Level ও 'A' Level পাশ হলে দেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট এবং বিদেশি বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রি প্রাপ্ত হলে দেশীয় সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/শিক্ষা মন্ত্রণালয় বা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সমমান সার্টিফিকেট অনুযায়ী ডিগ্রি ও ফলাফলের (শ্রেণি/বিভাগ/জিপিএ/সিজিপিএ উল্লেখসহ) তথ্য সম্বলিত ডকুমেন্ট মৌখিক পরীক্ষার সময় চেকিং বোর্ডে অবশ্যই দাখিল করতে হবে। অন্যথায় প্রার্থী মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

ঞ. **প্রতিষ্ঠান পছন্দক্রম :** Online আবেদনে প্রার্থীকে নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত প্রত্যেক প্রতিষ্ঠানকে বিবেচনায় নিয়ে প্রতিষ্ঠান পছন্দের ক্রম নির্ধারণ করতে হবে। চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীকে তাদের অর্জিত মেধাক্রম এবং Online আবেদনে উল্লিখিত পছন্দক্রম অনুসারে শূন্য পদ থাকা সাপেক্ষে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে নিয়োগের জন্য মনোনীত করা হবে। আবেদন দাখিলের পর আবেদনকৃত প্রতিষ্ঠান পছন্দের ক্রম কোনো অবস্থাতেই পরিবর্তনযোগ্য নয়।

ট. **Application Fee Payment পদ্ধতি :** ডাচ বাংলা ব্যাংক পিএলসি এর মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস (MFS) **'রকেট'** এর অ্যাপ বা ম্যানুয়াল পদ্ধতিতে **"Bill Pay"** অপশন ব্যবহার করে ফি প্রদান করতে হবে। এক্ষেত্রে রকেট অ্যাপ বা ম্যানুয়াল উভয় ক্ষেত্রেই ফি প্রদানের জন্য Biller ID হিসেবে Bankers Selection Committee Secretariat অথবা 499 সিলেক্ট করতে হবে। পরবর্তীতে পর্যায়ক্রমে **সংশ্লিষ্ট Job ID Number, নিজ CV ID Number এর ১ম অংশ {হাইফেনের (-) আগের অংশ},** ফি এর পরিমাণসহ প্রয়োজনীয় তথ্য ব্যবহার করে ফি প্রদান করতে হবে। ফি প্রদান করলে প্রার্থী মোবাইলের মেসেজ অপশনে একটি Transaction ID (TxnID) নম্বর পাবেন। **প্রাপ্ত TxnID নম্বরটি ব্যবহার করে প্রার্থীকে অবশ্যই নিম্নোক্ত পদ্ধতিতে পৃথকভাবে Payment Verify সম্পন্ন করতে হবে। অন্যথায় আবেদন অসম্পূর্ণ রয়ে যাবে।**

***আবেদন ফি'র Payment পদ্ধতি সম্পর্কে বিস্তারিত জানতে https://erecruitment.bb.org.bd/onlineapp/rocketpreepay.pdf ওয়েবসাইটটি ভিজিট করতে হবে।

ঠ. **Payment Verify :** প্রার্থীকে ফি প্রদানের পর প্রাপ্ত TxnID বাংলাদেশ ব্যাংকের erecruitment সাইটের নির্দিষ্ট ফিল্ডে বসিয়ে Payment Verify সম্পন্ন করতে হবে। **কোনো আবেদনকারী Payment Verify সম্পন্ন না করলে পরবর্তীতে Admit Card ডাউনলোড করতে পারবে না।**

ড. **Tracking Page সংগ্রহ :** Payment Verify সম্পন্ন হওয়ার পর প্রার্থীকে Tracking ID Number সম্বলিত একটি Tracking Page প্রদান করা হবে। Tracking Page টি ভবিষ্যতে ব্যবহারের জন্য সংরক্ষণ করতে হবে। **নির্ধারিত সময়ের পরে কোনো অবস্থাতেই Tracking Page এর Duplicate Copy সরবরাহ করা হবে না।**

ঢ. Online আবেদনে প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম, স্থায়ী ঠিকানা, জন্ম তারিখ, ছবি, স্বাক্ষরসহ অন্যান্য তথ্য অত্যন্ত সতর্কতার সাথে নির্ভুলভাবে পূরণ করতে হবে। আবেদনে প্রদত্ত সার্বিক তথ্য, ছবি, স্বাক্ষর ইত্যাদি verification সাপেক্ষে প্রাথমিকভাবে যোগ্য প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদান করা হবে। **অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত আবেদন কোনো প্রকার যোগাযোগ ব্যতিরেকেই বাতিল করা হবে।**

১১। প্রাথমিকভাবে যোগ্য প্রার্থীদের প্রবেশপত্র ও নির্বাচনী পরীক্ষার তারিখ সংক্রান্ত বিজ্ঞপ্তি যথাসময়ে বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইট ও জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ করা হবে।

১২। প্রার্থীকে প্রাথমিক নির্বাচনী, লিখিত এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১৩। প্রার্থীকে Online আবেদনের সময় কোনো কাগজপত্র প্রেরণ করতে হবে না। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে অনলাইন আবেদনে প্রদত্ত প্রতিটি তথ্যের স্বপক্ষে যথাযথ সনদ/প্রত্যয়নপত্র মৌখিক পরীক্ষার দিন দাখিল করতে হবে। Online আবেদনে প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যের সঠিকতা যাচাইয়ান্তে কোনো গুরুতর ত্রুটি ধরা পড়লে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে না। তাছাড়া, মৌখিক পরীক্ষা শেষে প্যানেল প্রস্তুতকালে কোনো প্রকার ত্রুটি পরিলক্ষিত হলেও প্রার্থীকে প্যানেলভুক্ত করা হবে না।

১৪। চাকুরীরত প্রার্থীকে তাদের নিয়োগকারী কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার দিন উক্ত অনুমোদনের কপি প্রদর্শন করতে হবে।

১৫। নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারি সর্বশেষ নীতিমালা ও অন্যান্য বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

১৬। সংশ্লিষ্ট ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ তাদের স্ব স্ব বিধিবিধান অনুসরণপূর্বক চূড়ান্ত নিয়োগ প্রদান করবে।

**বিশেষ দ্রষ্টব্য : শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে আবেদনপত্র দাখিল, নির্ধারিত ফি প্রদান ও Payment Verify সম্পন্ন করতঃ Tracking Page টি হার্ডকপি আকারে সংরক্ষণ করার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে। ভুল JOB ID বা ভুল CV ID ব্যবহারপূর্বক ফি জমা দিলে বা Payment Verify না করলে আবেদন গ্রহণযোগ্য হবে না।**

**স্বাক্ষরিত/-**
**(মোঃ পারওয়েজ আনজাম মুনির)**
পরিচালক (চলতি দায়িত্বে)
বিএসসিএস।

বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

**ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়**

**বিজ্ঞপ্তি নম্বরঃ ১৯০/২০২৪**

তারিখঃ ১৬ পৌষ ১৪৩১ / ৩১ ডিসেম্বর ২০২৪

## নিয়োগ বিজ্ঞপ্তি

ব্যাংকার্স সিলেকশন কমিটি'র তত্ত্বাবধানে ০৯টি ব্যাংক ও ০২টি আর্থিক প্রতিষ্ঠানে সমন্বিতভাবে প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে Online এ দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

| ক্রমিক নম্বর | শিরোনাম | বিবরণ |
|---|---|---|
| ১। | পদের নাম | **'সিনিয়র অফিসার (সাধারণ)'** |
| ২। | Job ID Number | **10220** (যা আবেদনের ফি প্রদানের সময় নির্ধারিত স্থানে ব্যবহার করতে হবে) |
| ৩। | পদ সংখ্যা | **১৫৫৪টি** (সোনালী ব্যাংক পিএলসি ৪২২টি, অগ্রণী ব্যাংক পিএলসি ৪০০টি, বাংলাদেশ কৃষি ব্যাংক ২৪২টি, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক ১৯০টি, আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংক ১৮৯টি, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক পিএলসি ২৬টি, কর্মসংস্থান ব্যাংক ২৪টি, বেসিক ব্যাংক পিএলসি ২০টি, প্রবাসী কল্যাণ ব্যাংক ৭টি, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ ১৯টি ও বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন ১৫টি) |
| ৪। | বেতন স্কেল | জাতীয় বেতন স্কেল ২০১৫ এর টাকা ২২০০০-৫৩০৬০ স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা। |
| ৫। | শিক্ষাগত যোগ্যতা | ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোনো বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি অথবা চার বছর মেয়াদী স্নাতক/স্নাতক(সম্মান) ডিগ্রি থাকতে হবে।<br>খ) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সমমান এবং তদূর্ধ্ব পর্যায়ের পরীক্ষাসমূহে ন্যূনতম ০২(দুই) টিতে প্রথম বিভাগ/শ্রেণি থাকতে হবে। গ্রেডিং পদ্ধতির ফলাফলের ক্ষেত্রে সরকারি নীতিমালা প্রযোজ্য হবে।<br>গ) কোন পর্যায়েই ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য হবে না ।<br>ঘ) গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ ও ০২/০৩/২০১০ তারিখের প্রজ্ঞাপন নং শিম/শাঃ১১/৫-১(অংশ)/৫৮২ এবং শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪ অনুযায়ী বর্তমান প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমত, সিজিপিএ এর বিপরীতে পূর্বের ১ম ও ২য় বিভাগ/শ্রেণি নিম্নরূপে নির্ধারিত হবেঃ<br>(১) এস.এস.সি বা সমমান এবং এইচ.এস.সি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে- (see table A below)<br>(২) অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ এর ক্ষেত্রে- (see table B below) |

Table A:

| | |
|---|---|
| জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব | প্রথম বিভাগ |
| জিপিএ ২.০০ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম | দ্বিতীয় বিভাগ |

Table B:

| অর্জিত সিজিপিএ | | সমতুল্য শ্রেণি/বিভাগ |
|---|---|---|
| ৪.০০ পয়েন্ট স্কেলে | ৫.০০ পয়েন্ট স্কেলে | |
| ৩.০০ বা তদূর্ধ্ব | ৩.৭৫ বা তদূর্ধ্ব | প্রথম বিভাগ/শ্রেণি |
| ২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম | ২.৮১৩ বা তদূর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম | দ্বিতীয় বিভাগ/শ্রেণি |

৬। **বয়স :** প্রার্থীর বয়সসীমা ১৮/১১/২০২৪ তারিখে সর্বনিম্ন ২১ বছর এবং সর্বোচ্চ ৩২ বছর।

৭। **আবেদনপত্র দাখিল এবং ফি প্রদানের শেষ তারিখ ও সময় : ৩০/০১/২০২৫ তারিখ, রাত ১১.৫৯ টা।**

৮। **Payment Verify এবং Tracking Page সংগ্রহের এর শেষ তারিখ ও সময় : ০৫/০২/২০২৫ তারিখ, রাত ১১.৫৯ টা।**

৯। **আবেদন ফি :** অফেরতযোগ্য **টাকা ২০০/-(টাকা দুইশত মাত্র)** ডাচ বাংলা ব্যাংক পিএলসি এর মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস (MFS) **'রকেট'** এর মাধ্যমে Prepaid payment পদ্ধতিতে আবেদনকারীকে নিজের অথবা এজেন্ট একাউন্ট ব্যবহার করে ফি প্রদান করতে হবে।

১০। **আবেদন পদ্ধতি :**

ক. **Online Registration :** কেবল বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইট (https://erecruitment.bb.org.bd) এ নির্ধারিত ছক পূরণের মাধ্যমে Online এ নিবন্ধনকরত আবেদন করতে হবে। আবেদন দাখিলের বিস্তারিত নিয়ম ও শর্তাবলী ওয়েবসাইটেই পাওয়া যাবে।

খ. **CV ID Number :** বাংলাদেশ ব্যাংকের সিস্টেমে ইতঃপূর্বে নিবন্ধনকৃত প্রার্থীর বিদ্যমান CV ID Number এবং Password ব্যবহার করে আবেদন দাখিল করতে হবে। নতুন প্রার্থীরা Online এ নিবন্ধন সম্পন্ন করলে একটি CV ID Number এবং Password প্রাপ্ত হবেন যা ভবিষ্যতে ব্যবহারের জন্য অবশ্যই সংরক্ষণ করতে হবে **(একজন প্রার্থীর বিপরীতে একের অধিক CV তৈরি করা যাবে না)।**

গ. **প্রার্থীর বিবরণ :** প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম এবং জন্ম তারিখ অবশ্যই এসএসসি অথবা সমমানের সনদ অনুযায়ী Online আবেদনে লিখতে হবে।

ঘ. **প্রার্থীর বর্তমান ঠিকানা :** প্রার্থীর বর্তমান বসবাসের স্থান এবং নিয়োগ সংক্রান্ত চিঠিপত্র পেতে ইচ্ছুক ঠিকানাকে বর্তমান ঠিকানা হিসেবে উল্লেখ করতে হবে।

ঙ. **প্রার্থীর স্থায়ী ঠিকানা :** প্রার্থীর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত জাতীয়তা সনদে উল্লিখিত স্থায়ী ঠিকানাকে প্রার্থীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে। বিবাহিত নারী প্রার্থীরা তাদের স্বামীর ঠিকানাকে নিজের স্থায়ী ঠিকানা হিসেবে ব্যবহার করতে পারবেন। তবে আবেদন দাখিলের পরে কোন প্রার্থী বিবাহবন্ধনে আবদ্ধ হলে যথাযথ প্রমাণ সাপেক্ষে স্বামীর স্থায়ী ঠিকানার অনুকূলে নিজের স্থায়ী ঠিকানা পরিবর্তন করতে পারবেন।

চলমান পাতা/০২

# বাংলাদেশ ব্যাংক

## প্রধান কার্যালয়

## ঢাকা।

হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১
(রিক্রুটমেন্ট এন্ড আউটসোর্সিং উইং)

বিজ্ঞপ্তি নং- ৫৯/২০২৪

তারিখ: ১১ পৌষ ১৪৩১ / ২৬ ডিসেম্বর ২০২৪

# পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ব্যাংকে ফায়ার কন্ট্রোল অপারেটর (পুরুষ) এবং ফায়ারফাইটার (পুরুষ) পদে নিয়োগের উদ্দেশে ০৩/০১/২০২৪ তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি (নং : ০৩/২০২৪)-এর প্রেক্ষিতে বর্ণিত পদসমূহে বাংলাদেশের প্রকৃত স্থায়ী নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তাধীনে পুনরায় দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

১।

| | | |
|---|---|---|
| পদের নাম | : | ফায়ার কন্ট্রোল অপারেটর (পুরুষ) |
| পদ সংখ্যা | : | ০৩টি (পদ সংখ্যা কম/বেশি হতে পারে) |
| বেতন স্কেল, ২০১৫ ও গ্রেড | : | ৯৩০০-২২৪৯০, ১৬তম গ্রেড |
| শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য শর্তাদি | : | ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের আওতায় পরিচালিত ০৬ মাস মেয়াদী ফায়ার সায়েন্স এন্ড অক্যুপেশনাল সেফটি কোর্সে উত্তীর্ণ।<br>গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ন্যূনতম ০২ বছরের চাকুরীর অভিজ্ঞতা।<br>ঘ) **শারীরিক যোগ্যতা:** উচ্চতা ন্যূনতম ৫ ফুট ৪ ইঞ্চি, বুকের মাপ: ন্যূনতম ৩২ ইঞ্চি ও শারীরিক গঠন ত্রুটিমুক্ত হতে হবে। |
| কার্যপরিধি | : | বাংলাদেশ ব্যাংকের নিয়োগকৃত ফায়ারফাইটার (পুরুষ) গণের তত্ত্বাবধান করবেন। জরুরি পরিস্থিতিতে On Spot First Response এর অংশ হিসেবে সহযোগিতা চেয়ে সকল অগ্নি নির্বাপণকারী সংস্থাকে ফায়ার নোটিশ প্রদান করে সে অনুযায়ী রেসপন্স করবেন এবং প্রশাসনিক যোগাযোগে সাড়া প্রদান করবেন। অগ্নি নির্বাপণের জন্য প্রতিটি সিকিউরিটি ইক্যুইপমেন্ট সম্পর্কে জ্ঞাত থাকবেন এবং জরুরি পরিস্থিতিতে দুর্ঘটনার ধরন বুঝে সে অনুযায়ী তার ব্যবহার নিশ্চিত করবেন। ফায়ারফাইটার (পুরুষ)দের সাথে দুর্ঘটনা স্থলে লিয়াজোঁ অফিসার হিসেবে কাজ করবেন। অগ্নি দুর্ঘটনা এড়াতে সকল যন্ত্রাংশের সময়ে সময়ে নিরীক্ষা এবং দুর্ঘটনায় ব্যবহারের পরে সকল নির্বাপক যন্ত্রাংশের পোস্ট-নিরীক্ষা নিশ্চিত করবেন। যথাযথ কর্তৃপক্ষকে অগ্নি দুর্ঘটনার সম্ভাব্য ঝুঁকিসমূহ চিহ্নিত করে রিপোর্ট প্রদান করবেন। |

২।

| | | |
|---|---|---|
| পদের নাম | : | ফায়ারফাইটার (পুরুষ) |
| পদ সংখ্যা | : | ০৬টি (পদ সংখ্যা কম/ বেশি হতে পারে) |
| বেতন স্কেল, ২০১৫ ও গ্রেড | : | ৮৫০০-২০৫৭০, ১৯তম গ্রেড |
| শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য শর্তাদি | : | ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের আওতায় পরিচালিত ০৬ মাস মেয়াদী ফায়ার সাইন্স এন্ড অক্যুপেশনাল সেফটি কোর্সে উত্তীর্ণ।<br>গ) **শারীরিক যোগ্যতা:** - উচ্চতা: ন্যূনতম ৫ ফুট ৪ ইঞ্চি, বুকের মাপ: ন্যূনতম ৩২ ইঞ্চি ও শারীরিক গঠন ত্রুটিমুক্ত হতে হবে। |
| কার্যপরিধি | : | ফায়ারফাইটার (পুরুষ) হবে বাংলাদেশ ব্যাংকের নিয়োগকৃত নিজস্ব অগ্নিনির্বাপক কর্মী। প্রতিষ্ঠানে আগুন লাগলে ফায়ার সার্ভিস আগমনের পূর্বে ফায়ার এক্সটিংগুইশার বা ফায়ার হাইড্রেন্ট সিস্টেম ব্যবহার করে যতটা সম্ভব অগ্নি নিয়ন্ত্রণ করে ক্ষয়ক্ষতি কমাবার চেষ্টা করবেন। জরুরি পরিস্থিতিতে আটকে পড়া লোকজনকে Life saving guidance এর অংশ হিসেবে নিরাপদে স্থানান্তরের ব্যবস্থা নিশ্চিত করবেন। ফায়ারফাইটার (পুরুষ)গণ অগ্নি দুর্ঘটনা ছাড়াও প্রতিষ্ঠানের প্রাকৃতিক বা মনুষ্যসৃষ্ট দুর্ঘটনায় বিপদাপন্ন মানুষকে উদ্ধারে কাজ করবেন। |

৩। গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ ও ০২/০৩/২০১০ তারিখের প্রজ্ঞাপন নং যথাক্রমে শিম/শাঃ১১/৫-১(অংশ)/৫৮২ ও শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪ অনুযায়ী বর্তমানে প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমত, সিজিপিএ এর বিপরীতে পূর্বের ১ম, ২য় ও ৩য় বিভাগ/শ্রেণী নিম্নরূপে নির্ধারিত হবে।

(ক) এস.এস.সি বা সমমান এবং এইচ.এস.সি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে -

| | |
|---|---|
| জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব | প্রথম বিভাগ |
| জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম | দ্বিতীয় বিভাগ |
| জিপিএ ১.০০ থেকে ২.০০ এর কম | তৃতীয় বিভাগ |

(খ) অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ এর ক্ষেত্রে-

| অর্জিত সিজিপিএ | | সমতুল্য শ্রেণী/বিভাগ |
|---|---|---|
| ৪.০০ পয়েন্ট স্কেলে | ৫.০০ পয়েন্ট স্কেলে | |
| ৩.০০ বা তদূর্ধ্ব | ৩.৭৫ বা তদূর্ধ্ব | প্রথম শ্রেণী/বিভাগ |
| ২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম | ২.৮১৩ বা তদূর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম | দ্বিতীয় শ্রেণী/বিভাগ |
| ১.৬৫ বা তদূর্ধ্ব কিন্তু ২.২৫ এর কম | ২.০৬৩ বা তদূর্ধ্ব কিন্তু ২.৮১৩ এর কম | তৃতীয় শ্রেণী/বিভাগ |

৪। 'O' Level এবং 'A' Level এর ক্ষেত্রে এ দেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalent Certificate), বিদেশী বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত ডিগ্রীর ক্ষেত্রে দেশী সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন / উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalent Certificate) অনুযায়ী ডিগ্রী ও ফলাফলের তথ্য প্রদান করতে হবে।

৫। পূর্বের নিয়োগ বিজ্ঞপ্তির (নং: ০৩/২০২৪, তারিখ: ০৩/০১/২০২৪) প্রেক্ষিতে যে সকল প্রার্থী আবেদন করেছেন তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।

৬। উভয় পদের ক্ষেত্রে বয়স (০১/১২/২০২৪ তারিখে) সর্বনিম্ন ১৮ বছর ও সর্বোচ্চ ৩২ বছর।

৭। আগ্রহী প্রার্থীদেরকে ২৬/০১/২০২৫ তারিখের মধ্যে শুধুমাত্র বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইট (erecruitment.bb.org.bd)-এ Online Application Form পূরণের মাধ্যমে আবেদন করতে হবে। Online Application Form-এ পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক প্রকাশিত পরীক্ষার ফলাফলের তারিখ অবশ্যই উল্লেখ করতে হবে। ২৬/০১/২০২৫ তারিখ বা তৎপূর্বে যারা বিজ্ঞপ্তিতে যাচিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা অর্জন করেছেন শুধুমাত্র তারা আবেদনের যোগ্য হবেন।

৮। আবেদন করার সময় Application Form পূরণ করার নিয়ম ও অন্যান্য শর্তাবলী (erecruitment.bb.org.bd) ওয়েবসাইটে পাওয়া যাবে।

৯। যাদের বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইট (erecruitment.bb.org.bd)-এ CV রয়েছে, তারা তাদের উক্ত CV-এর মাধ্যমেই আবেদন করবেন। প্রার্থীর নাম ও পিতার নাম এস. এস. সি/সমমানের সনদে যেভাবে লেখা আছে অনলাইন আবেদনপত্রে হুবহু সেভাবে লিখতে হবে। নাম, পিতা/মাতার নাম, শিক্ষাগত যোগ্যতা, ১১ ডিজিটের মোবাইল নম্বর, ঠিকানা ইত্যাদি সংক্রান্ত তথ্যে অসামঞ্জস্য/ভুল থাকলে প্রার্থীরা আবেদনের সময় নিজ উদ্যোগে সংশোধন/হালনাগাদ করে নিবেন। তবে, যাদের CV নেই তারা ওয়েবসাইটে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী অনলাইন আবেদনের ক্ষেত্রে নতুন CV তৈরি করবেন এবং নির্ধারিত স্থানে স্বাক্ষর ও সদ্য তোলা Formal রঙিন ছবি ওয়েবসাইটে প্রদত্ত নির্দেশনা মোতাবেক আপলোড করবেন। স্বাক্ষর এবং ছবির ব্যাকগ্রাউন্ড অবশ্যই সাদা হতে হবে। স্বাক্ষর এবং ছবি আপলোডে ত্রুটি বিচ্যুতির বিষয়ে সাবধানতা অবলম্বনের পরামর্শ প্রদান করা হলো। আবেদনপত্রের তথ্যে অসামঞ্জস্য/ভুল থাকলে সংশোধনের সুযোগ থাকবে না এবং কোনো প্রকার যোগাযোগ ব্যতিরেকেই প্রার্থিতা বাতিল করা হবে।

১০। অনলাইনে আবেদন করার পর CV Identification Number, Tracking Number ও Password যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড এবং পরবর্তী বিভিন্ন কাজে বর্ণিত তথ্যসমূহ প্রয়োজন হবে।

১১। আলোচ্য পদ দুইটিতে আবেদনের ক্ষেত্রে কোন আবেদন ফি প্রদান করতে হবে না।

১২। বর্ণিত পদ দুইটির ক্ষেত্রে সকল জেলার স্থায়ী বাসিন্দারা আবেদন করতে পারবেন।

১৩। প্রার্থীদের লিখিত, শারীরিক যোগ্যতা ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১৪। প্রার্থীদেরকে প্রাথমিকভাবে কোনো কাগজপত্র প্রেরণ করতে হবে না। শারীরিক যোগ্যতা পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে আবেদনে প্রদত্ত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় দলিলাদিসহ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য উপস্থিত থাকতে হবে। দাখিলকৃত দলিলাদির সঠিকতা যাচাই সাপেক্ষে তাদেরকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হবে।

১৫। চাকরিরত প্রার্থীগণ তাদের নিয়োগকারী কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে আবেদন করতে পারবেন। শারীরিক যোগ্যতা পরীক্ষায় উত্তীর্ণ হলে নিয়োগকারী কর্তৃপক্ষের অনাপত্তিপত্র মৌখিক পরীক্ষার বোর্ডে দাখিল করতে হবে। অন্যথায় প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হবে না।

১৬। লিখিত ও শারীরিক যোগ্যতা পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে আবেদনে প্রদত্ত স্থায়ী ঠিকানার সপক্ষে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে।

১৭। আলোচ্য পদদ্বয়ে শুধু পুরুষ প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

১৮। বাংলাদেশের নাগরিক ব্যতীত অন্য কেউ নিয়োগ পাওয়ার উপযুক্ত বিবেচিত হবেন না। বাংলাদেশের নাগরিক নয় প্রার্থীর এরূপ স্ত্রী থাকলে অথবা বিবাহ বন্ধনের জন্য চুক্তিবদ্ধ হলে নিয়োগের জন্য অনুপযুক্ত বিবেচিত হবেন।

১৯। নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সর্বশেষ সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।

২০। কর্তৃপক্ষ প্রয়োজনে এই বিজ্ঞপ্তির কার্যক্রম যেকোন পর্যায়ে সংশোধন/স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

২১। কোন ক্ষেত্রে কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা পরবর্তীতে কোন প্রার্থীর যোগ্যতার ঘাটতি পাওয়া গেলে বা দুর্নীতি, অসত্য তথ্য প্রদান, কোন জাল সনদ দাখিল, অসদুপায় অবলম্বন, প্রতারণার আশ্রয় নিলে বা আবেদনপত্রে গুরুতর (Substantive) ত্রুটি বা ঘাটতি দেখা গেলে বা প্রদত্ত তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ প্রক্রিয়ার যেকোন পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে।

স্বাক্ষরিত/-
(মোঃ জবদুল ইসলাম)
পরিচালক (এইচআরডি-১)

ডিসিপিঃ ৪৮/২০২৪ - ৩৩৩২
তারিখ ঃ ২৬/১২/২০২৪

**ব্যাংকিং ও আর্থিক সেবা পেতে হয়রানির শিকার হলে কিংবা কোনো অভিযোগ থাকলে ১৬২৩৬ নম্বরে ফোন করুন।**

স-২২০৮ (১৮×৪)